নভেম্বর/২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরনী

সভার তারিখ ঃ ২২/১১/২০২১খ্রি.

সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা

স্থান ঃ সভাপতি মহোদয়ের কার্যালয়, ফেঞ্চুগঞ্জ, সিলেট।

সভায় উপস্থিত ও অনুপস্থি সদস্যদের তালিকা পরিশিষ্ট "ক"

অদ্য ২২/১১/২০২২খ্রি. রোজ সোমবার সকাল ১১.০০ ঘটিকার সময় উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব জাহিরুল ইসলাম মুরাদ মহোদয়ের সভাপতিত্বে উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়।

সভার আলোচ্য সূচি:-

১। বিদ্যালয়ের ভবন নির্মাণ কাজের অগ্রগতি পর্যালোচনা।

২। কোভিডকালীন শিখন ঘাটতি পূরণ সংক্রান্ত।

৩। বিবিধ।

আলোচনা ও সিদ্ধান্তঃ

১ নং আলোচনা: সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে কমিটির সদস্য সচিব জানান যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক অত্র উপজেলার ০৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ভবন নির্মাণ কাজ চলমান রয়েছে। কোন কোন বিদ্যালয়ে ইতোমধ্যে প্রায় ৫০% কাজ সমাপ্ত হয়েছে, আবার কোন কোন বিদ্যালয়ে ৮০% কাজ সমাপ্ত হয়েছে। বাকী বিদ্যালয়সমুহের কাজ চলমান রয়েছে। এ বিষয়ে কমিটির সদস্য সচিব ও উপজেলা শিক্ষা অফিসার এর তৎপরতা রয়েছে এবং সার্বক্ষণিক উপজেলা প্রকৌশলী ও কনটাক্টও এর সাথে যোগাযোগ রয়েছে।

সিদ্ধান্তঃ নির্মানাধীন সকল বিদ্যালয়ের নির্মাণ কাজ দ্রুত সুষ্ঠভাবে সম্পাদনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ তথা তদারকি করা সহ সংশ্লিষ্ট সকলকে উক্ত কমিটির পক্ষ থেকে অনুরোধ জানানো হয়।

২ নং আলোচনাঃ উপজেলা শিক্ষা অফিসার ও কমিটির সদস্য সচিব ও উপজেলা শিক্ষা অফিসার সভাকে অবহিত করেন যে, বিগত কোভিডকালীন শিক্ষার্থীদের লেখাপড়ার মান অনেকটা কমে গিয়েছে। বিধায় শিক্ষার মান উন্নয়নে সরকার কর্তৃক বিভিন্ন পদক্ষেপ গ্রহন করা হয়েছে। এর মধ্যে অনলাইন ক্লাস,অনলাইন বিদ্যালয় পরিদর্শন, বিভিন্ন শ্রেণির ডিউ পার্ট প্রদান সহ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় তথা প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক গৃহিত পদক্ষেপ যা প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে সময়োপযোগী এর্ব কার্যকরী পদক্ষেপ। সভাপতি সহ কমিটির সদস্যবৃন্দ এ ধরনের পদক্ষেপের প্রশংসা করে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় তথা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে ধন্যবাদ জ্ঞাপন করেন। কমিটির সদস্য সচিব ও উপজেলা শিক্ষা অফিসারকে পরিদর্শন কার্যক্রম আরো জোরদার করার জন্য কমিটির সভাপতি মহোদয় অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ শফিক উদ্দিন)
উপজেলা শিক্ষা অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
ফেঞ্চুগঞ্জ, সিলেট।

স্বাক্ষরিত/-
(জাহিরুল ইসলাম মুরাদ)
ভাইস চেয়ার উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
ফেঞ্চুগঞ্জ, সিলেট।

২২/১১/২০২১ খ্রি. তারিখে উপজেলা উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা স্থায়ী কমিটির উপস্থিতি

হাজিরা সীট

ক্রমিক নং	নাম, পদবী ও কর্মস্থল	স্বাক্ষর
০১	জনাব মোঃ জাহিরুল ইসলাম ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ	
০২	জনাব লেইচ চৌধুরী চেয়ারম্যান, ৩নং ঘিলাছড়া ইউপি,	
০৩	জনাব আহমদ জিলু, চেয়ারম্যান, ৪নং উত্তর কুশিয়ারা ইউপি	
০৪	জনাব এমরান উদ্দিন চেয়ারম্যান, ৫নং উত্তর ফেঞ্চুগঞ্জ ইউপি	
০৫	জনাব মোঃ শফিক উদ্দিন উপজেলা সমবায় কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ	